



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৪৭৩০.০৩৫.৪৬.০৮২.১৪ (অংশ-১)-১০৫৯

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রাপ্ত খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ০১নং খামালিয়া ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

জেলা প্রশাসক

খুলনা

নং-১৭.০০.৪৭৩০.০৩৫.৪৬.০৮২.১৪ (অংশ-১)-১০৫৯

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা (০২ কপি)
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা (০৩ কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা (০২ কপি)
- ৬। উপজেলা নির্বাচন অফিসার, ডুমুরিয়া, খুলনা (০২ কপি)
- ৭। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা  
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ২০ ভাদ্র ১৪২৬/০৪ সেপ্টেম্বর ২০১৯

নং ১৭.০০.৪৭৩০.০৩৫.৪৬.০৮২.১৪(অংশ-১)-১০৫৫ —বিজ্ঞ নির্বাচন আপিল ট্রাইব্যুনাল ও যুগ্ম জেলা জজ ১ম আদালত, খুলনা কর্তৃক নির্বাচন আপিল নং-০৫/২০১৮ এর ৩০ জুন ২০১৯ তারিখের রায় ও আদেশে নির্বাচন ট্রাইব্যুনালে মামলা নং-০২/২০১৬ এর ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখের প্রদত্ত রায় রদ-রহিতক্রমে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচিত ফুটবল প্রতীকের প্রার্থী আব্দুস সালাম গাজীর নির্বাচন বাতিল করে উক্ত পদে তথা ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে টর্চ লাইট প্রতীকের প্রার্থী দরখাস্তকারী শহিদ মহালদার-কে যথাযথভাবে নির্বাচিত ঘোষণা করায় প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৫ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৫৫১৮ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'ধামালিয়া' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'আব্দুস ছালাম গাজী, পিতা-আঃ মজিদ গাজী, গ্রাম-চৌচুড়ী' এর পরিবর্তে 'শহিদ মহালদার, পিতা: মৃত: জব্বার মহালদার, গ্রাম: চৌচুড়ী' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২১৬৬৭ )

মূল্য : টাকা ৪.০০